মু’মিন ব্যক্তি ছাড়া আর কারো সাথী হবে না । আর মুত্তাকী ব্যতীত অন্য কেউ যেন তোমার খাবার না খায়।

আবূ সাঈদ আল-খুদরী রাদিয়াল্লাহু ‘আনহু থেকে মারফু‘ হিসেবে বর্ণিত, “মু’মিন ব্যক্তি
ছাড়া আর কারো সাথী হবে না । আর মুত্তাকী ব্যতীত অন্য কেউ যেন তোমার খাবার না খায়।” [হাসান] [এটি তিরমিযী বর্ণনা করেছেন। - এটি আবূ দাঊদ বর্ণনা করেছেন। - এটি আহমাদ বর্ণনা করেছেন।]

আবূ সাঈদ আল-খুদরী রাদিয়াল্লাহু ‘আনহু বর্ণিত হাদীস নির্দেশনা দেয় যে, মুসলিমের উপর কর্তব্য হলো সর্বদা সৎলোকদের সাহচর্য গ্রহণ করা। এ হাদীসে মুমিনের সাহচর্য গ্রহণ করতে উৎসাহ প্রদান করা হয়েছে। এর দাবি হচ্ছে কাফির ও মুনাফিকদের সাহচর্য থেকে দূরে থাকা। কেননা তাদের সাথে বন্ধুত্ব দীনের জন্য ক্ষতিকর। এখানে মুমিন বলতে মুমিনদের কতক সংখ্যাকে বুঝানো হয়েছে। এমনিভাবে নবী সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম সৎলোকদের সাহচার্যকে গুরুত্ব দিয়ে বলেছেন, “আর মুত্তাকী ব্যতীত অন্য কেউ যেন তোমার খাবার না খায়।” অর্থাৎ আল্লাহ ভীরু লোক যারা খাদ্য গ্রহণ করে সে শক্তি আল্লাহর ইবাদতে ব্যয় করবে। “আর মুত্তাকী ব্যতীত অন্য কেউ যেন তোমার খাবার না খায়” হাদীসটি সাধারণ দাওয়াত যেমন অলীমা ও অন্যান্য দাওয়াতও অন্তর্ভুক্ত করে। সুতরাং দাওয়াতী মেহমান ঈমানদার ও সৎলোক হওয়া বাঞ্ছনীয়।

https://sunnah.global/hadeeth/bn/show/3474